

## “বিজ্ঞপ্তি”

বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) এ কর্মকর্তা নিয়োগের লক্ষ্যে উত্তীর্ণ প্রার্থীগণের মৌখিক পরীক্ষার সময়সূচী (Schedule) প্রকাশ করা হয়েছে। মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণকালে প্রার্থীর আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদি যাচাই-বাছাই/পরীক্ষা-নিরীক্ষা করণের নিমিত্ত প্রয়োজনীয় সনদ/কাগজপত্রাদি ভাইভা বোর্ডে উপস্থাপন করতে হবে। এতদলক্ষ্যে, মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীগণের অনলাইন আবেদনে প্রদত্ত তথ্যাদির সমর্থনে প্রমাণক হিসেবে নিম্নলিখিত সনদ/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শন এবং ০২ (দুই) সেট সত্যায়িত ফটোকপি নিম্নোক্ত ক্রমানুসারে সাজিয়ে আবশ্যিকভাবে ভাইভা বোর্ডে উপস্থাপন করতে হবে এবং মৌখিক পরীক্ষার ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে :

০১. প্রয়োজনীয় সনদ/কাগজপত্রাদি:

ক. লিখিত পরীক্ষার প্রবেশপত্র;

খ. অনলাইন (Online)- এ পূরণকৃত আবেদনপত্রের মুদ্রিত কপি (Applicant's Copy);

গ. শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (প্রযোজ্য ক্ষেত্রে) সকল মূল সনদপত্র (বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) হতে শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate));

ঘ. জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদপত্র (চাকরির আবেদন ফরমে যে তথ্য প্রদান করা হয়েছে) এর মূল কপি;

ঙ. আবেদনে প্রদত্ত স্থায়ী ঠিকানার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভা/সিটি কর্পোরেশন এর মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট;

চ. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি পত্র;

ছ. যে সকল মুক্তিযোদ্ধার সন্তান ৩২ বছর পর্যন্ত আবেদনের বয়সসীমার সুযোগ গ্রহণ করেছেন তাদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত সনদ;


জ. যে সকল প্রতিবন্ধী প্রার্থী ৩২ বছর পর্যন্ত আবেদনের বয়সসীমার সুযোগ গ্রহণ করেছেন তাদের ক্ষেত্রে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সনদ;

০২. সকল সার্টিফিকেট/রেকর্ডপত্রের ফটোকপি সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক অবশ্যই সত্যায়িত হতে হবে।

০৩. মৌখিক পরীক্ষার জন্য নির্ধারিত সময়ে প্রার্থীদের অবশ্যই বাপেক্স ভবন, ০৪, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫ এ উপস্থিত হয়ে রিপোর্ট করতে হবে।

০৪. কোন ক্ষেত্রে যাচিৎ তথ্যাদির ঘাটতি থাকলে বা অনলাইন আবেদনে প্রদত্ত তথ্যাদির সাথে গরমিল থাকলে বা পরবর্তীতে কোন সময় প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোন জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোন সময় প্রার্থীর প্রার্থিতা বাতিল বা আইনানুগ ব্যবস্থা গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

০৫. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

  
(মোঃ আসাদ উল্লাহ)  
মহাব্যবস্থাপক (প্রশাসন)